



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

প্রেস রিলিজ
মহিলা কমিশন

জাতীয় মহিলা কমিশনের উদ্যোগে ২৭শে আগষ্ট ২০০৯ তারিখে নুতন দিল্লীর 'ইন্ডিয়া ইসলামিক কালচারেল সেন্টারে' জাতীয়স্তরে একটি সেমিনারের আয়োজন করা হয়। অনাবাসী ভারতীয়দের দ্বারা অত্যাচারিত/ বিতাড়িত বিদেশে এবং দেশে যে সব মহিলারা আছেন তাদের আইনি সহায়তা এবং তাদের পারিবারিক সমস্যা সমাধানের জন্য একটি NRI Cell করা হয়। জাতীয় মহিলা কমিশনকে এর দায়িত্ব দেওয়া হয়। জাতীয় মহিলা কমিশন তাই বিভিন্ন রাজ্য মহিলা কমিশন, সরকারী অফিসার এবং NGOর সহযোগীতায় জাতীয়স্তরে এই সমস্যা সমাধানের বিষয়ে আলোচনায় সবাইকে আহ্বান করেন।

এই অনুষ্ঠানে পৌরহিত্য করেন জাতীয় মহিলা কমিশনের চেয়ারম্যানপার্সন ডঃ গিরীজা ব্যাস, অতিথিদের মধ্যে ছিলেন মিনিষ্ট্র অব ওভারসীজ এফেয়ার্স এর সচিব কে মোহনদাস, তিনি NRI Cellএর ওয়েবসাইট এর উদ্বোধন করেন, এছাড়া অতিথিদের মধ্যে পূজাভাট, শিবানী কাশ্যপ ও অন্যান্যরা উপস্থিত ছিলেন। ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন থেকে সদস্য অদিতি শর্মা লেখ সেখানে অংশগ্রহণ করেন এবং ত্রিপুরা রাজ্যের প্রেক্ষিতে কিছু প্রস্তাব রাখেন, যা NRI Cellএর পক্ষে বিবেচনার জন্য গ্রহণ করা হয়। আশা করা যায়, যে সব মহিলারা অনাবাসী ভারতীয় স্বামীদের দ্বারা অত্যাচারিত হচ্ছে এবং যাদের স্বামীর বিদেশে থাকায় ভারতে থাকা স্ত্রীকে শুল্কবাড়ীতে অত্যাচারিত হতে হচ্ছে তাদের জন্য এই প্রয়াস কিছুটা সাহায্য করবে।

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে অনলাইনে অনাবাসী ভারতীয় মহিলার অভিযোগ পেয়ে ত্রিপুরা মহিলা কমিশন আমেরিকায় বসবাসরত এক ভারতীয় দম্পতিকে কমিশনে ডেকে এনে আলোচনার মাধ্যমে মীমাংসা করে দেয়। এখন এই অনাবাসী ভারতীয় দম্পতি ভাল আছে। মেয়েটি কমিশনকে মাঝেমাঝে ফোন করে তাদের খবরাখবর জানায়।


11.9.09
Member Secretary,
Tripura Commission for Women